# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৪৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنِ الْحَسَنِ مُرْسَلًا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ يَكُونُ حَدِيثُهُمْ فِي مَسَاجِدِهِمْ فِي أَمْرِ دُنْيَاهُمْ. فَلَا تُجَالِسُوهُمْ فَلَيْسَ لِلَّهِ فِيهِمْ حَاجَةٌ» . رَوَاهُ الْبَيْهَقِيّ فِي شعب الْإِيمَان

বাংলা

৭৪৩-[৫৫] হাসান বসরী (রহঃ) হতে এ হাদীসটি মুরসাল হিসেবে বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অচিরেই এমন এক সময় আসবে যখন মানুষ মসজিদে বসে নিজেদের দুনিয়াদারীর কথাবার্তা বলবে। অতএব তোমরা এসব লোকদের গল্প-গুজবে বসবে না। আল্লাহ তা’আলার এমন লোকের প্রয়োজন নেই। (বায়হাক্বী- শু’আবুল ঈমান)[1]

ফুটনোট

[1] বায়হাক্বী-এর ‘‘শু‘আবুল ঈমান’’ ২৯৬২, হাকিম ৭৯১৬, সহীহাহ্ ১১৬৩। আলবানী (রহঃ) বলেনঃ বায়হাক্বী হাদীসটি মাওসুল সূত্রে বর্ণনা করেছেন। আর ত্ববারানী আল্ মু‘জাম আল্ কাবীরে এবং আবূ ইসহাক আল-ফাওয়ায়িদুল মুনতাখাবা হতে ইবনু মাস্‘ঊদ (রাঃ)-এর বরাতে মারফূ‘ সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন যার সানাদে বাযী‘ আবুল খলীল নামে একজন রাবী রয়েছে যাকে হায়সামী মিথ্যুক বলেছেন। কিন্তু হাফিয ‘ইরাক্বী বলেনঃ হাদীসটি ইবনু হিব্বান ইবনু মাস্‘ঊদ (রাঃ) থেকে এবং হাকিম আনাস (রাঃ) থেকে বর্ণনা করে তার সানাদটি সহীহ হিসেবে আখ্যায়িত করেছেন। আর ইবনু হিব্বান দ্বারা সহীহ ইবনু হিব্বান উদ্দেশ্য। এর উপর ভিত্তি করে বলা যায় তার হাদীসটি বাযী‘-এর সূত্রে নয়। আলবানী (রহঃ) বলেনঃ কিন্তু আনাস (রাঃ)-এর হাদীসটি আমি এখন পর্যন্ত হাকিমে পাইনি। যেটি আবূ ‘আবদুল্লাহ আল্ ফাল্লাকী তার ‘‘ফাওয়ায়িদ’’ গ্রন্থে বর্ণনা করেছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্তমানে অধিকাংশ মসজিদের যে অবস্থা চোখে পড়ে তাতে বর্ণিত হাদীসের বাস্তবতা পূর্ণ উপলব্ধি করা

যায়। এমন অনেক মাসজিদ দেখা যায় যা চাকচিক্যময় ও জাঁকজমকপূর্ণ করে নির্মাণ করা হয়েছে; এখানে আগত মুসল্লীর সংখ্যাও এমন হয় যে, স্থান সংকুলান হয় না। কিন্তু মসজিদের আদাব বলতে যা রয়েছে তার প্রতি মোটেই ভ্রূক্ষেপ করা হয় না। বরং এমন দেখা যায় যে, এটা বাড়ির বৈঠকখানা। আমাদের এ থেকে পরহেয থাকা উচিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55300

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন